হাজী মুহম্মদ মুহসীন সরকারি উচ্চ বিদ্যালয়
ডাকেট নম্বর ২৬০
তারিখ ১২ অক্টোবর ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০১.০০০০.১০১.২৩.০০৩.২১- ১৬৯৯৪/১১

তারিখ: ০৯ অক্টোবর ২০২৩খ্রি.

বিষয়: 'শেখ রাসেল দিবস ২০২৩' উদ্‌যাপন

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৫.২৩.০০১.২২.২৮০, তারিখ: ০২/১০/২০২৩খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ১৮ অক্টোবর 'শেখ রাসেল দিবস ২০২৩' যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষে অধিদপ্তরাধীন দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিম্নবর্ণিত কর্মসূচি পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

| ক্র. নং | কর্মসূচি |
|---|---|
| ০১. | সকল দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠান নিজ নিজ কার্যালয়/প্রাঙ্গণে শেখ রাসেল-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করবে। উল্লেখ্য যে, শেখ রাসেল এর ম্যুরাল/প্রতিকৃতি সর্বনিম্ন আকার হতে হবে দৈর্ঘ্য ০৪ ফুট x প্রস্থ ০৩ ফুট। সমানুপাতিক হারে বড় আকারে প্রতিকৃতি স্থাপন করা যাবে। |
| ০২. | সকল দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠান 'শেখ রাসেল দিবস ২০২৩' উপলক্ষে শেখ রাসেল দিবস উদ্‌যাপন নীতিমালা-২০২২ অনুযায়ী আলোচনা সভা আয়োজন করবে। |
| ০৩. | জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে সকল শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষার্থীদের উপস্থিতিতে দোয়া মাহফিল/প্রার্থনার আয়োজন করবে। |
| ০৪. | 'শেখ রাসেল দিবস ২০২৩' উপলক্ষে প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠান 'শেখ রাসেল দেয়ালিকা'য় গল্প, কবিতা, সৃষ্টিশীল লেখা ও ছবি এঁকে উপস্থাপন করবে। দেয়ালিকাটির প্রতিপাদ্য হবে 'শেখ রাসেল দিবস ২০২৩'। শিক্ষা প্রতিষ্ঠানসমূহ শেখ রাসেল দেয়ালিকার ছবি তুলে 18octoberdshe@gmail.com -এর মাধ্যমে প্রেরণ করবে। |
| ০৫. | শেখ রাসেল স্মরণে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান গাছের চারা রোপন করবে। |
| ০৬. | শিক্ষা প্রতিষ্ঠানসমূহ শিক্ষার্থীদের অংশগ্রহণে এ দিবসের সাথে সামঞ্জস্যপূর্ণ যেকোন কর্মসূচী স্ব-স্ব ব্যবস্থাপনায় আনন্দমুখর পরিবেশে আয়োজন করবে (যেমন: আনন্দ র‍্যালি, সুন্দর হাতের লেখা প্রতিযোগিতা/চিত্রাঙ্কন প্রতিযোগিতা/রচনা প্রতিযোগিতা/কুইজ প্রতিযোগিতা ইত্যাদি)। |

০৯/১০/২০২৩
(রূপক রায়)
সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)
ফোন: ০২-২২৩৩৫০০৬৮
ad-admin@dshe.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়/মনিটরিং অ্যান্ড ইভালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৩. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল;
০৪. অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ (সকল);
০৫. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বিদ্যালয় ও পরিদর্শন শাখা (সকল অঞ্চল);
০৬. জেলা শিক্ষা অফিসার, (সকল);
০৭. প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি বিদ্যালয়, (সকল);
০৮. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা;
০৯. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ই.এম.আই.এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (মাউশি অধিদপ্তরের ওয়েব সাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ)
১০. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা